করোনাভাইরাসে আক্রান্ত পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মো. শাহাব উদ্দিন

চেম্বার ডেস্ক:: করোনাভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত হয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মো. শাহাব উদ্দিন।

বুধবার দুপুরে তাকে সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) ভর্তি করা হয়েছে। তার মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য কর্মকর্তা দীপংকর বর বুধবার সন্ধ্যায় এ তথ্য নিশ্চিত করেছেন।

এদিকে তার মন্ত্রণালয় থেকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, কোভিড-১৯ এর উপসর্গ থাকায় মঙ্গলবার মন্ত্রীর নমুনা নেয় আইইডিসিআর। বুধবার দুপুরে রিপোর্ট পজিটিভ আসে।

দ্রুত আরোগ্য কামনা করে দেশবাসীর কাছে দোয়া চেয়েছেন পরিবেশমন্ত্রী শাহাব উদ্দিন।

শাহাব উদ্দিন মৌলভীবাজার-১ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। তিনি এ পর্যন্ত চার বার সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। সর্বশেষ একাদশ জাতীয় সংসদ নির্বাচনে সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর তাকে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে দায়িত্ব দেয় আওয়ামী লীগ সরকার।

উল্লেখ্য, এর আগে করোনায় আক্রান্ত হন পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রী বীর বাহাদুর উশৈসিং ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক।